

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৪৪

٩. यन गलाता সूतिष्ठ উপদেশ याला (کِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ নবীদের দিকে নিজেকে সম্পৃক্তকরণ পরকালে কোন উপকার আসবে না, তাঁদের সম্পৃক্তকারীর কেবল তারুওয়া ও আমলে সালেহ-এর মাধ্যমেই উপকার হবে

ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ الِانْتِسَابَ إِلَى الْأَنْبِيَاءِ لَا يَنْفَعُ فِي الْآخِرَةِ وَلَا يَنْتَفِعُ الْمُنْتَسِبُ إِلَيْهِمْ إِلَّا بِتَقْوَى اللَّهِ وَالْعَمَلِ الصَّالِحِ

আরবী

644 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ يَحْيَى بْنِ زُهَيْرٍ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ الْمِقْدَامِ الْعِجْلِيُّ قَالَ: حَدَّثَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ قَالَ: سَمِعْتُ أَبِي عَنْ قَتَادَةَ عَنْ عُقْبَةَ بْنِ عَبْدِ الْغَافِرِ عَنْ أَبِي مَنْ قَتَادَةَ عَنْ عُقْبَةَ بْنِ عَبْدِ الْغَافِرِ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (يَأْخُذُ رَجُلٌ بِيَدِ أَبِيهِ يَوْمَ الْقِيَامَةِ يُرِيدُ أَنْ يُدْخِلَهُ الْجَنَّةَ فَيُنادى: أَلَا إِنَّ الْجَنَّةَ لَا يَدْخُلُهَا مُشْرِكٌ قَالَ: فَيَقُولُ: أَيْ لَلْقِيَامَةِ يُرِيدُ أَنْ يُدْخِلَهُ الْجَنَّةَ فَيُنادى: أَلَا إِنَّ الْجَنَّةَ لَا يَدْخُلُهَا مُشْرِكٌ قَالَ: فَيَقُولُ: أَيْ رَبِّ أَبِي! قَالَ: فَيُحَوَّل فِي صَمُورَةٍ قَبِيحَةٍ وَرِيحٍ مُنْتِنَةٍ فَيَتْرُكُهُ) رَبِّ أَبِي! قَالَ: فَيُحَوَّل فِي صَمُورَةٍ قَبِيحَةٍ وَرِيحٍ مُنْتِنَةٍ فَيَتْرُكُهُ) وَلَا اللّهِ صَلَّى اللّهُ عَلَيْهِ قَالَ أَبُو سَعِيدٍ: كَانُوا يَقُولُونَ: إِنَّهُ إِبْرَاهِيمُ قَالَ: وَلَمْ يَزِدْهُمْ رَسُولُ اللّهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسلم على ذلك.

الراوي: أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 644 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬৪৪. আবু সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "কিয়ামতের দিন এক ব্যক্তি তার বাবার হাত ধরে তাকে জান্নাতে প্রবেশ করাতে চাইবেন, তখন ঘোষনা করা হবে: "জেনে রাখুন, নিশ্চয়ই জান্নাতে কোন মুশরিক প্রবেশ করবে না!" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তখন সেই ব্যক্তি বলবেন: " হে আমার প্রতিপালক, ইনি তো আমার বাবা!" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "অতঃপর তাকে খুবই খারাপ আকৃতি দেওয়া হবে এবং তার থেকে দুর্গন্ধ ছড়াবে ফলে তিনি তাকে ছেড়ে চলে যাবেন!"[1]



আবু সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: "লোকজন বলাবলি করতেন যে, তিনি হলেন ইবরাহিম আলাইহিস সালাম। তবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর চেয়ে বেশি কিছু বলেননি।"

ফুটনোট

[1] উক্ত হাদীসের তাখরীজ ২৫২ নং হাদীসে গত হয়ে গিয়েছে।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৬৪৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন